দৈনিক বাংলা

তারিখ ... ২।১০।৭৪ ... ...
পৃষ্ঠা... ... ৪ ... কলাম ... ১ ... ...

০৪৪

# থানা শিক্ষা অফিসার সমিতি

বাংলাদেশ থানা শিক্ষা অফিসার সমিতি শিক্ষা বিভাগের থানা হতে জেলা পর্যায়ের পরিদর্শন কর্মকর্তাদের বেতন ও চাকরি কাঠামো সম্পর্কে শিক্ষামন্ত্রণালয়ের সুপারিশ বাস্তবায়নের আহ্বান জানিয়েছে।

রোববার সমিতির নির্বাহী কমিটির এক সভায় এই আহ্বান জানান হয়।

এ দাবী মেনে না নেয়া হলে ১২ই অক্টোবর হতে তিনদিনের জন্য কলম বিরতি এবং ২০শে অক্টোবর হতে অনির্দিষ্টকালের জন্য কর্ম-বিরতি পালনের সিদ্ধান্ত নেয়া হয়। খবর বিজ্ঞপ্তির।

**বিজ্ঞানজীবী সংগ্রাম পরিষদ**

বাংলাদেশ কেন্দ্রীয় বিজ্ঞানজীবী সংগ্রাম পরিষদ তাঁদের দেয়া স্মারকলিপির ভিত্তিতে বিজ্ঞানীদের বেতন কাঠামো সংশোধন করে বেতন ও চাকরির কাঠামো রিপোর্ট প্রকাশ করার দাবী জানিয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়।

**সেনাকল্যাণ সংস্থা কর্মচারী**

বাংলাদেশ সেনাকল্যাণ সংস্থা কর্মচারী ইউনিয়নের এক সভায় আজকের মধ্যে (২রা অক্টোবর) তাঁদের ১১ দফা দাবী পারস্পরিক আলোচনার মাধ্যমে মেনে নেয়ার আহ্বান জানিয়েছে।

দাবী পূরণ না হলে মঙ্গলবার হতে সংগ্রাম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়া হয় বলে এক বিজ্ঞপ্তিতে জানান হয়েছে।